গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রশাসন শাখা
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd

স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.০৬.১৭৮.১৯(পার্ট-৩)/৬৭৩

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৩ জুন ২০২৬

## শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জুন, ২০২৬ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ তারেক আনোয়ার জাহেদী, প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

তারিখ ও সময় : ০৩/০৬/২০২৬ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা

সভার স্থান : সভাকক্ষ (রুম নং-৯০৪), প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

সভায় উপস্থিত সদস্যগণ: পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উল্লেখ করেন, মাসিক সমন্বয় সভা একটি দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, কাজের গতিশীলতা বৃদ্ধি এবং শৃঙ্খলা রক্ষার্থে অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিয়মিত মাসিক সমন্বয় সভা আয়োজনের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে ভূমিকা রাখার জন্য তিনি সকলকে আহবান জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভাটি পরিচালনার জন্য তিনি পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ করেন। পরবর্তীতে, বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | নিয়োগ পদোন্নতি, স্থায়ীকরণ, বদলি নীতিমালা প্রনয়ন, অগ্রানোগ্রাম সংক্রান্ত | পরিচালক (প্রশাসন ও অর্থ) প্রশাসনিক কর্মকর্তার নিকট বর্ণিত বিষয় জানতে চাইলে প্রশাসনিক কর্মকর্তা সভাকে অবহিত করেন ১১-২০ গ্রেডভূক্ত কর্মচারীদের ৮৪৫টি পদের নিয়োগ প্রক্রিয়া চলমান, শিক্ষামন্ত্রী মহোদয়ের নিকট হতে সুনির্দ্দিষ্ট দিক নির্দেশনা পাওয়া মাত্র তৎঅনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। গত ০১/০৬/২০২৬ খ্রি. তারিখ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে, ৯ম-১০ম গ্রেডভূক্ত শূন্য পদের বিপরীতে প্যানেল/অপেক্ষামান মেধা তালিকা হতে শূন্যপদ পুরন/নিয়োগের সুপারিশসহ পত্র দেয়া হয়। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ১৪টি, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/পাওয়ার) ০১টি ,সহকারী প্রকৌশলী (মেইনটেনেন্স) ০১টি, সহকারী স্থাপতি-০২টি, সহকারী প্রোগ্রামার-০২টি, উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৩৬টি, উপসহকারী প্রকৌশলী (যান্ত্রিক/পাওয়ার)-০১টি পদ, এষ্টিমেটর ০২টি পদ ও ড্রাফটসম্যান-০৭টি পদের অধিযাচনের প্রস্তাব প্রেরণ | ১) ১১-২০ গ্রেডভূক্ত কর্মচারীদের ৮৪৫টি পদের নিয়োগ প্রক্রিয়া নির্ধারণের জন্য শিক্ষামন্ত্রী মহোদয়ের পরামর্শ ও নির্দেশনার আলোকে দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২)একই কর্মস্থলে তিন বছরের অধিক সময় যারা কর্মরত তাদেরকে পর্যায়ক্রমে দাপ্তরিক প্রয়োজনে জুলাই-২০২৬ থেকে বদলির সিদ্ধান্ত হয়।<br>৩) যাদের বার্ষিক গোপনীয় অনুবেদন ও EPMIS হালনাগাদ সঠিক থাকবে তাদের স্থায়ীকরণ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৪) অর্গানোগ্রাম বিষয়ে মন্ত্রণালয়ে ০৮/০৬.২০২৬ তারিখের সভায় বিস্তারিত পর্যালোচনাপূর্ক মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনার আলোকে দ্রুত জন প্রশাসনে পুনরায় প্রেরণের সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)/প্রশাসনিক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়। ৩৬ জন সহকারী প্রকৌশলী (সিভিল) নিয়োগ কার্যক্রম পিএসসিতে প্রক্রিয়াধীন রয়েছে।<br>বিভিন্ন পদের পদোন্নতির জন্য ডিপিসি সম্মানিত সদস্যগণের নির্দেশ মোতাবেক হালনাগাদ গ্রেডেশন এর তালিকা প্রস্তুত পূর্বক পদোন্নতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পরামর্শ প্রদান করেন। গ্রেডেশনের তালিকা প্রক্রিয়াধীন এবং গ্রেডেশনের তালিকা প্রস্তুত এর জন্য ইতিমধ্যে (০২/০৬/২০২৬) ০৭ (সাত) সদস্যের কমিটি গঠন করা হয়েছে।<br>উপপরিচালক (প্রশাসন) বলেন স্থায়ীকরণের কাজ চলমান এবং ২৩৬ জন অফিস সহায়কদের চাকরি স্থায়ীকরণসহ ০৪ জন হিসাবরক্ষকের চাকরি স্থায়ীকরণ করা হয়েছে। উপসহকারী প্রকৌশলীদের প্রশিক্ষণ সমাপ্তি শেষে তাদের চাকরি স্থায়ীকরণ এর কাজ শুরু করা হবে।<br>বদলির নীতিমালা সম্পর্কে প্রশাসনিক কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) সভাকে অবহিত করেন যে, ১০ম হতে তদুর্ধ্ব গেজেটেড কর্মকর্তাদের একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মকাল উর্ত্তীণ হলে তাদেরকে বদলির বিধান রয়েছে এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বদলি তাদের আবেদনের ভিত্তিতে কর্তৃপক্ষ বদলি করবেন।<br>শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সংশোধিত অগানোগ্রাম জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে তারা বিভিন্ন তথ্য জানতে চান, তাদের চাহিদা মোতাবেক তথ্য সরবরাহ করা হয়, এর পরে প্রশাসনিক মন্ত্রণালয় ০৮/০৬/২০২৬ একটি সভা আহবান করেছেন বলে সভাকে অবহিত করা হয়। | | |
| ০২ | অডিট আপত্তি নিস্পতিকরণ | অডিট আপত্তি সম্পর্কে হিসাব শাখার হিসাবরক্ষণ কর্মকর্তা ১ ও ২ উভয়ই অডিট এর বিষয়ে বিশেষভাবে বর্ণনা করেন, এবং অডিট আপত্তি নিস্পত্তি না হওয়াতে অনেক কর্মকর্তাই পেনশন পাবেন না। তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আসাদুজ্জামান অডিট | অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির নিমিত্ত আপত্তির বিষয়াবলি শিক্ষা অডিট অধিদপ্তরের মহাপরিচালকের উপস্থিতিতে পর্যালোচনার জন্য একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | উপপরিচালক (অর্থ)/ হিসাবরক্ষণ কর্মকর্তা-১ ও ২) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আপত্তি নিস্পত্তির উপর জোর আলোকপাত করেন। | | |
| ০৩ | প্রশিক্ষণ | পরিচালক (প্রশাসন ও অর্থ) কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের বিষয়ে জানতে চাওয়া হলে আইসিটির শাখার সিষ্টেম এনালিষ্ট সভাকে অবহিত করেন যে, বাজেট স্বল্পতার কারণে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া সম্ভব হচ্ছে না, তবে যে পরিমাণ বাজেট পাওয়া গিয়েছে তা দিয়ে সহকারী প্রকৌশলী, উপসহকারী প্রকৌশলীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। সভায় প্রশাসনিক কর্মকর্তা নন টেকনিক্যাল কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষনের জন্য দাবি/প্রস্তাব করলে প্রধান প্রকৌশলী মহোদয় ২০২৬-২০২৭ অর্থ বছরের প্রথম দিকেই বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নন টেকনিক্যাল কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি শাখাকে নির্দেশ প্রদান করেন এবং এই বিষয়ে হিসাব শাখাকে প্রয়োজনীয় বরাদ্দ সংরক্ষনের ও নির্দেশ প্রদান করেন। উপপরিচালক (প্রশাসন) বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা তৈরী পূর্বক প্রশিক্ষণ বাজেট প্রস্তুতে উপর গুরুত্বারোপ করেন। | ১) বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>২) হিসাব ও আইসিটি শাখা সমন্বয় করে প্রশিক্ষণের জন্য বাজেট তৈরী পূর্বক বরাদ্দ চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>৩) পর্যায়ক্রমে টেকনিক্যাল ও ননটেকনিক্যাল সবাইকে প্রশিক্ষণের আওতায় আনা হবে। | সিষ্টেম এনালিষ্ট |
| ০৪ | অফিসের কর্মপরিবেশ উন্নয়ন/শৃঙ্খলা আনয়ন | উপপরিচালক (প্রশাসন) যে সকল কর্মকর্তা/কর্মচারী নতুন যোগদান করেছেন তাদের বসার জায়গা সংকটের কথা সভায় তুলে ধরেন। প্রধান প্রকৌশলী মহোদয় অফিসের কর্মপরিবেশ উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উপর জোর দেন। আইন শৃঙ্খলা আনয়নের জন্য সকল স্তরের কর্মকর্তা/ কর্মচারীকে সতর্ক থাকার পরামশ দেন। যে সকল অনাকাঙ্খিত ঘটনার সৃষ্টি হয়েছে তার দায় দায়িত্ব নির্ধারণের উপর গুরুত্বারোপ করেন। | ১) নতুন যোগদানকৃত কর্মকর্তা/ কর্মচারীদের বসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) প্রতিষ্ঠানের শৃঙ্খলাবজায় রাখতে সকল কর্মকর্তা/ কর্মচারীকে সভায় সর্তকবার্তা দেয়া হয়।<br>৩) সংগঠিত সকল অনাকাঙ্খিত ঘটনার দায় দায়িত্ব নির্ধারণ পূর্বক কঠোর শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এক্ষেত্রে প্রয়োজনে আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তা নেওয়া হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)/প্রশাসনিক কর্মকর্তা |
| ০৫ | পেনশন নিস্পত্তিকরণ সংক্রান্ত | পেনশন নিস্পত্তিকরণ সম্পর্কে প্রশাসনিক কর্মকর্তা বলেন প্রয়োজনীয় কাগজপত্রের কারণে শুধুমাত্র ০১টি পেনশন নিস্পত্তি হতে বিলম্ব হয়েছে, এ ছাড়া আর কোন পেনশন অনিস্পন্ন নাই। | ১) কর্মকর্তা/কর্মচারীদের পেনশন কেইস দ্রুত নিস্পত্তি করতে প্রশাসন শাখা/কল্যাণ কর্মকর্তাকে আরো তৎপর হতে হবে। এক্ষেত্রে সমন্বয় জোরদার করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)/প্রশাসনিক কর্মকর্তা |
| ০৬ | ওয়েবসাইটসমূহ আপডেট ও বিভিন্ন | সিষ্টেম এনালিষ্ট জনাব ইফতেখার উদ্দিন আইসিটি শাখাকে বিভিন্ন | ১) সকল কর্মকর্তা/ কর্মচারীদের EPMIS এর তথ্যাবলী আপডেট | সিষ্টেম এনালিষ্ট/ প্রশাসন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | সফওয়ার ম্যানেজমেন্ট সংক্রান্ত | সফটওয়ার যুগোপযোগী করতে এবং নতুন সফটওয়ার তৈরি করতে বাজেট বরাদ্দের প্রয়োজনীয়তার কথা সভায় তুলে ধরেন।<br>প্রশাসনিক কর্মকর্তা বলেন EPMIS এ অনেক কর্মকর্তা/কর্মচারী তাদের তথ্য হালনাগাদ করছেন না। যার ফলে তাদের চাকরি সংক্রান্ত বিভিন্ন তথ্য সংগ্রহ করে মন্ত্রণালয়ে রির্পোট প্রদানে সময় ক্ষেপন হচ্ছে। ইতিমধ্যে এ ব্যাপারে পত্র দেয়া হলে অনেক কর্মকর্তা ও কর্মচারী তাদের তথ্য হালনাগাদ না করায় প্রধান প্রকৌশলী মহোদয় ক্ষোভ প্রকাশ করেন।<br>এক্ষেত্রে পরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের যে কোন সেবা গ্রহণের পূর্বশর্ত হিসেবে EPMIS তথ্য হালানাগাদসহ তার বিস্তারিত প্রিন্ট কপি প্রেরন করতে হবে। | করতে মাঠ পর্যায়ের সকল অফিসে পুনরায় কঠোর নির্দেশনা দেয়া হবে। | |
| ০৭ | মাঠ পর্যায়ে প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন ও মনিটরিং | ২০২৫-২০২৬ অর্থ বছরের ইইডি কর্তৃক গৃহীত সকল রকমের কর্মসূচি সঠিকভাবে বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের সার্বিক সহযোগিতা ও পরামর্শ প্রদানের জন্য প্রধান প্রকৌশলী মহোদয় নির্দেশনা দেন। এক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ শাহজাহান আলী বিভিন্ন ক্ষেত্রে সমন্বয়হীনতার কথা বলেন এবং সমন্বয়ের উপর গুরুত্বারোপ করেন। | ১) মাঠ পর্যায়ের প্রকল্প ও কর্মসূচী দ্রুত বাস্তবায়নের নিমিত্ত প্রধান কার্যালয়ের সকল ডেস্কের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রতিমাসে সাইট পরিদর্শনের সিদ্ধান্ত হয়।<br>২) প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলা আনয়নের জন্য একটি আভ্যন্তরীন অডিট টিম সকল অফিস মনিটরিং করবেন। | প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী সকল ডেস্ক |
| ০৮ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বিদ্যমান (কর্মচারী) নিয়োগ বিধি-২০২১ সংশোধন/ পরিমার্জন | প্রশা্সনিক কর্মকর্তা সভায় জানান যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বিদ্যমান নিয়োগবিধি-২০২১ সংশোধনের নিমিত্ত ১৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। উক্ত নিয়োগ বিধি দ্রুত সময়ের মধ্যে সংশোধন পূর্বক বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্যতার ভিত্তিতে পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী মহোদয় নির্দেশ প্রদান করেন। এক্ষেত্রে সহকারী প্রকৌশলী ইমরান হোসেন খান প্রস্তাবিত অগ্রানোগ্রাম অনুমোদনপূর্বক উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। | বিদ্যমান (কর্মচারী)নিয়োগবিধি-২০২১ সংশোধনের নিমিত্ত ১৫ সদস্য বিশিষ্ট কমিটি প্রস্তাবিত অগ্রানোগ্রাম অনুমোদন পূর্বক বিদ্যমান নিয়োগবিধি সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইতিপূর্বে গঠিত কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | অত্র অধিদপ্তরের বিভিন্ন বিষয়ে মামলা সংক্রান্ত | মামলা সংক্রান্ত বিষয়ে প্রশাসনিক কর্মকর্তা জানান বিগত দিনে অত্র দপ্তরের মাত্র ৩৩টি মামলার তালিকা সংরক্ষিত আছে। কিন্তু সুনির্দিষ্ট কোন হালনাগাদ তালিকা প্রস্তুত না থাকায় কোন মামলা কোন আইনজীবী দ্বারা পরিচালিত হয়েছে তার সঠিক তথ্য পাওয়া যায় নাই। দীর্ঘদিন মামলা নিয়ে কাজ করতে গিয়ে ৩৩টি মামলার পরিবর্তে ৭৩ টি মামলার তালিকা প্রস্তুত করা হয়। তার মধ্যে কোন মামলা কোন আইনজীবীকে নিয়োগ দেয়া হয়েছে তার বর্ণনা ও প্রদান করা হয়। এর মধ্যে প্রায় ২০টি মামলা নিস্পত্তি হয়েছে বাকী ০৭/০৮টি মামলায় ফাইল প্রস্তুত করা হয়েছে এবং ৫টি মামলায় আইনজীবী নিয়োগ দেয়ার কার্যক্রম গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক প্যানেল আইনজীবীর তালিকা হতে আইনজীবী নিয়োগ দেয়ার নির্দেশনা রয়েছে এবং সে লক্ষ্যে কার্যক্রম পরিচালিত হচ্ছে। | ১) সকল মামলা গুরুত্ব সহকারে পরিচালনার জন্য রাষ্ট্রপক্ষের আইনজীবীকে তথ্য উপাত্তসহ নানাবিধ আইনী সহায়তা প্রদানের জন্য অত্র প্রতিষ্ঠানে ০২ (দুই) জন আইনজীবী নিয়োগের সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)/প্রশাসনিক কর্মকর্তা |
| ১০ | অন্যান্য সিদ্ধান্ত | প্রধান কার্যালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি, সকল পেন্ডিং কাজ, অনলাইনে নবায়ন, নথি মুভমেন্ট রেজিষ্টার চালু, ভবন নির্মাণ, মেরামত ও সংস্কার আবেদন অনলাইনে গ্রহণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রধান প্রকৌশলী মহোদয় এক্ষেত্রে সকল কাজের গতি বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ শাহজাহান আলী সংসদের চাহিত প্রশ্নের জবাব প্রস্তুত ও প্রেরণের ক্ষেত্রে জরুরী ভিত্তিতে সর্তকর্তা অবলম্বনের উপর গুরাত্বারোপ করেন। | ১) মাঠ পর্যায়ে সফরের অনুমোদন সফরের পুর্বে গ্রহণ এবং যথাসময়ে প্রধান প্রকৌশলী বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।<br>২) সকল পেন্ডিং তদন্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৩) জুলাই'২০২৬ থেকে নবায়ন কার্যক্রম অনলাইনে সম্পন্নের নিমিত্তে Software তৈরির উদ্যোগ নিতে হবে।<br>৪) সকল শাখায় নথি মুভমেন্ট রেজিষ্টার চালু করতে হবে।<br>৫) ভবন নির্মাণ, মেরামত ও সংস্কারের আবেদন অনলাইনে গ্রহণ করা যায় কিনা সে ব্যাপারে পর্যালোচনার সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন/ অর্থ)/উপপরিচালক (প্রশাসন/অর্থ)/সকল (ডেস্ক)/আইসিটি শাখা/প্রশাসনিক শাখা |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় প্রশাসন শাখা কর্তৃক সুন্দর একটি মাসিক সমন্বয় সভার আয়োজন করায় প্রশাসন শাখাকে ধন্যবাদ প্রদানসহ উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে ধন্যবাদের সহিত সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ তারেক আনোয়ার জাহেদী)
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৪১০৫৩৫১৫
ce@eedmoe.gov.bd

স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.০৬.১৭৮.১৯(পার্ট-৩)/ ৬৭৩/১(১০০)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৩ জুন ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/.................. সার্কেল
১০. উপপরিচালক (প্রশাসন/অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১১. নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/.............................. জেলা
১২. উর্দ্ধতন স্থপতি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৩. সিস্টেম এনালিস্ট, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৫. প্রধান প্রকৌশলীর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৬. অফিস কপি।

০৩/০৬/২৬

(মোঃ শহীদুল হক চৌধুরী)
উপপরিচালক (প্রশাসন)

০৩।০৬।২৬